# আপনাদের কিতাবে একটি আয়াত আছে, যা আপনারা পাঠ করে থাকেন, তা যদি আমাদের ইয়াহুদী জাতির উপর অবতীর্ণ হত , তবে অবশ্যই আমরা সে দিনকে খুশীর দিন হিসেবে পালন করতাম

‘উমার ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত : জনৈক ইয়াহুদী তাঁকে বললঃ হে আমীরুল মু’মিনীন ! আপনাদের কিতাবে একটি আয়াত আছে, যা আপনারা পাঠ করে থাকেন, তা যদি আমাদের ইয়াহুদী জাতির উপর অবতীর্ণ হত, তবে অবশ্যই আমরা সে দিনকে খুশীর দিন হিসেবে পালন করতাম। তিনি বললেন, কোন্ আয়াত? সে বললঃ {الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ وَأَتْمَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِي وَرَضِيتُ لَكُمُ الإِسْلاَمَ دِينًا} [المائدة: 3] ‘‘আজ তোমাদের জন্য তোমাদের দ্বীন পরিপূর্ণ করলাম ও তোমাদের প্রতি আমার নিয়ামত সম্পূর্ণ করলাম এবং ইসলামকে তোমাদের দ্বীন মনোনীত করলাম’’- (মায়িদাহ্ ৫ /৩)। ‘উমার বললেন, এটি যে দিনে এবং যে স্থানে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর উপর অবতীর্ণ হয়েছিল তা আমরা জানি; তিনি সেদিন ‘আরাফায় দাঁড়িয়েছিলেন আর সেটা ছিল জুমু ‘আহর দিন।

[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম ]

একজন ইহুদি ব্যক্তি আমীরুল মু ’মিনীন উমর রাদিয়াল্লাহু ‘আনহু-এর কাছে এসে বলল: তোমাদের কিতাব কুরআনে একটি আয়াত আছে, সেটি যদি আমাদের (ইহুদিদের ) কিতাব তাওরাতে নাযিল হতো , তাহলে আমরা সেই দিনটিকে একটি উৎসবের দিন হিসেবে পালন করতাম — এই মহান আয়াত নাযিল হওয়ার শুকরিয়ায়। তখন উমার রাদিয়াল্লাহু ‘আনহু তাকে জিজ্ঞেস করলেন: কোন আয়াত? তিনি বললেন, {الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ وَأَتْمَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِي وَرَضِيتُ لَكُمُ الإِسْلاَمَ دِينًا} “আজকের দিন আমি তোমাদের জন্য তোমাদের দ্বীনকে পরিপূর্ণ করছি। আর তোমাদের ওপর আমার নিআমতকে সম্পন্ন করছি। আর ইসলামকে তোমাদের জন্য দ্বীন হিসেবে পছন্দ করছি। ” উমার রাদিয়াল্লাহু ‘আনহু বললেন: আমরা সেই দিন এবং সেই স্থান সম্পর্কে জানি , যেখানে এই মহামূল্যবান আয়াতটি নাযিল হয়েছিল। এটি ঈদের দিন নাযিল হয়েছিল , আর তা ছিল জুমার দিন, যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরাফার ময়দানে দাঁড়িয়ে ছিলেন। এই দুই দিন মুসলমানদের নিকট অত্যন্ত গুরুত্বপূর্ণ ও মর্যাদাপূর্ণ

http://sunnah.global/hadeeth/bn/show/65298